

অফিস সীল



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- eTC/BTC/একাদশ/২০২১-২২/২১৫১

তারিখ: ২৭-০৭-২০২২ খ্রি.

### বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, শিফট, ভার্শন, ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, শিফট, ভার্শন, ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রম আগামী ২৮/০৭/২০২২ তারিখ থেকে ৩১/০৮/২০২২ তারিখ পর্যন্ত চলবে।

এ কার্যক্রম সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীগণ স্ব স্ব কলেজে তার চাহিদা মোতাবেক আবেদন করলে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের ওয়েবসাইটে লগইন করে অনলাইনে শিক্ষার্থীর চাহিদা মোতাবেক সংশোধনী সম্পন্ন করবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের প্রয়োজনীয় ফি শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ করে সোনালী সেবার মাধ্যমে জমা দিবেন। অতঃপর বোর্ডের অনুমোদন সাপেক্ষে সংশোধনী কার্যকর হবে এবং সংশোধিত তথ্যাবলী কলেজ কর্তৃপক্ষ অনলাইনে দেখতে পারবে।

উক্ত কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোন প্রয়োজন নেই

বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	নির্ধারিত ফি (টাকা)
১	প্রতি বিষয় পরিবর্তন	২০০/-
২	বিভাগ/গ্রুপ পরিবর্তন	৮০০/-
৩	ভর্তি বাতিল	৬০০/-

উল্লেখ্য যে, শিফট, ভার্শন, ছবি পরিবর্তন ও চতুর্থ বিষয় বাতিলের জন্য কোন ফি লাগবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন ০২-৫৮৬১২৪৭৬